আলমডাঙ্গায় বিষ পানের ১২ দিন পর এক নারীর মৃত্যু

আলমডাঙ্গায় পারিবারিক কোলাহলের কারণে বিষ পানের ১২ দিন পর এক নারীর মৃত্যু হয়েছে। গতকাল শনিবার বাড়িতে চিকিৎসাধীন অবস্থায় সে মারা যায়। মৃত নারী বেতবাড়িয়া গ্রামের রবিউল ইসলামের স্ত্রী ফরিদা খাতুন (৩২)।
জানা গেছে, আলমডাঙ্গা উপজেলার জেহালা ইউনিয়নের বেতবাড়িয়া গ্রামের দিনমজুর রবিউল ইসলামের স্ত্রী ফরিদা খাতুন (৩২) এর সাথে পারিবারিক গোলোযোগে সৃষ্টি হয়।
এরই সূত্র ধরে ফরিদা খাতুন স্বামীর উপর অভিমান করে বাবার বাড়ি জেহালার গোবিন্দপুর গ্রামে চলে আসে।
গত ১৬ ই ফেব্রুয়ারি দুপুর ২ টার দিকে ফরিদার বাবা আকবার আলির বাড়িতে থাকা ঘাষ মারা বিষ পান করে। পরিবারের লোকজন বিষয়টা জানতে পেরে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করে।
গত ৫ দিন চিকিৎসা শেষে বাড়িতে অবস্থান করে। চিকিৎসার উন্নতি না হওয়ায় বিষক্রিয়া হয়ে গতকাল শনিবার ফরিদা মারা যায়।
এ ঘটনায় ফরিদার স্বামী বাদি হয়ে আলমডাঙ্গা থানায় অপমৃত্যু মামলা দায়ের করে।

আলমডাঙ্গায় নিয়ন্ত্রণ হারিয়ে যাত্রীবাহী বাস ঢুকলো ঘরে, আহত-২

ভাঙা রাস্তার কারণে নিয়ন্ত্রণ হারিয়ে সাজেদা খাতুনের ঘরে ঢুকলো যাত্রী বাস। গতকাল শনিবার সকাল সাড়ে আটটার দিকে কুমারি গ্রামের ফারাজি পাড়ায় এ ঘটনা ঘটে। দুর্ঘটনার কবলে পড়ে বাসে থাকা ২ জন যাত্রী আহত হয়েছে বলে জানা যায়।
সূত্র জানায়, গতকাল শনিবার সকাল ৮টার দিকে চুয়াডাঙ্গা থেকে

যাত্রী নিয়ে লোকাল বাস আসছিলো।
এ রাস্তাটি গুরুত্বর হলেও রাস্তার বেহাল দশা হওয়ার কারণে বিভিন্ন সময় সড়ক দুর্ঘটনার কবলে পড়ে অনেক ছোট বড় গাড়ি।
গতকাল শনিবার সকাল সাড়ে ৮টার দিকে কুমারি ইউনিয়নের ফারাজি পাড়া এলাকায় যাত্রীবাহী বাস পৌঁছালে নিয়ন্ত্রণ হারিয়ে সাজেদা খাতুনের টিনের ঘরে ঢুকে যায়।
এ সময় হানিফ ও মিন্টু নামের দুই বাস যাত্রী আহত হয়। আহত ব্যক্তিদের উদ্ধার করে আলমডাঙ্গা হারদি হাসপাতালে ভর্তি করা হয়।

চুয়াডাঙ্গার আলমডাঙ্গায় পাখিভ্যান উল্টে নিহত ১, আহত-২

চুয়াডাঙ্গার আলমডাঙ্গা উপজেলার খাসকররা ভূমি অফিসের সামনে পাখিভ্যান (ভটভটি) উল্টে শিপন আলী (৩৫) নামে একজন যাত্রী নিহত হয়েছেন। এ সময় চালক একরামুল কবীর (২৬) ও অপর যাত্রী রিপন আলী
(২০) আহত হয়েছেন।
গতকাল শুক্রবার সকাল নয়টার দিকে এই দুর্ঘটনা ঘটে। নিহত শিপন ও আহত রিপন পার্শ্ববর্তী পাইকপাড়া গ্রামের ইদ্রিস আলীর ছেলে এবং চালক একরামুল একই গ্রামের কালু মণ্ডলের ছেলে।
আলমডাঙ্গা থানার পরিদর্শক (তদন্ত) মাসুদুর রহমান জানান, পারিবারিক প্রয়োজনে শিপন ও রিপন সদর উপজেলার সরোজগঞ্জ হাটে যাচ্ছিলেন। যাওয়ার পথে খাসকররা ভূমি অফিসের সামনে পাখিভ্যানটি উল্টে চালকসহ তিনজন আহত হন। আহতদেরকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নেওয়া হলে জরুরি বিভাগের কর্তব্যরত চিকিৎসক মাহবুব-এ খোদা শিপনকে মৃত ঘোষণা করেন। আহতদেরকে হাসপাতালে চিকিৎসাধীন রাখা হয়েছে।

আলমডাঙ্গার বিশিষ্ট ব্যবসায়ী হাজী আলতাব হোসেনের মৃত্য

আলমডাঙ্গা বাজারের বিশিষ্ট কাপড় ও সুতা ব্যবসায়ী হাজী আলতাব হোসেন বার্ধক্য জনিত কারণে মৃত্যবরণ করেছেন। গতকাল ভোর সাড়ে ৬টার দিকে নিজ বাস ভবনে হৃদরোগে আক্রান্ত হয়ে ইন্তেকাল করেছেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল (৭৮)। (ইন্না লিল্লাহি —– রাজিউন)। হাজী আলতাব হোসেন মিয়ার পারিবারিক সূত্রে জানা যায়, তিনি বেশ কিছুদিন যাবৎ অসুস্থ অবস্থায় বিছানাগত ছিলেন। গতকাল বাদ আসর আলমডাঙ্গা দারুস সালাম কবরস্থানের মাঠে জানাজা অনুষ্টিত হয়। জানা যায় অংশ গ্রহণ করেন, আলমডাঙ্গা উপজেলা চেয়ারম্যান আলহাজ্ব আইয়ুব হোসেন, সাবেক পৌর মেয়র বীর মুক্তিযোদ্ধা এম সবেদ আলী, সাবেক পৌর মেয়র আলহাজ্ব মীর মহিউদ্দিন, কাপড় ব্যবসায়ী সমিতির সভাপতি আলহাজ্ব গোলাম রহমান সিঞ্জুল, আলহাজ্ব আব্দুল হাই, আলহাজ্ব রইছ উদ্দিন, আলহাজ্ব শফিউদ্দিন, জেলা পরিষদ সদস্য আবু মুসা, বীর মুক্তিযোদ্ধা আলহাজ্ব শেখ নুর মোহাম্মদ জকু, বীর মুক্তিযোদ্ধা মইনদ্দিন,বাবলু মিয়া,সরকারি কলেজের প্রভাষক জামাল উদ্দিন, সাবেক ওসি মতিয়ার রহমান, উপজেলা আওয়ামী লীগের যুগ্ম-সম্পাদক কাজী রবিউল হক, যুবলীগ নেতা আহসান উল্লাহ, শেখ আমানুল্লাহ, কাউন্সিলর কাজী আলী আসগর সাচ্চু, এ্যাডঃ মুকুল, এ্যাডঃ আব্দুর রউফ, আলহাজ্ব আলাউদ্দিন মিয়া, জাইদুল ইসলাম, প্রেস ক্লাবের সম্পাদক হামিদুল আজম, আলহাজ্ব ফকির মোহাম্মদ, শেখ আব্দুল জব্বার, সাবেক ব্যাংকার আলহাজ্ব মহিউদ্দিন প্রমুখ।
জানাযা পড়ান মওঃ আব্দুল কাদের। জানাযা শেষে দাফন সম্পন্ন করা হয়। মৃত্য কালে স্ত্রী, ৫ছেলে, ২মেয়ে,আত্মীয় স্বজনসহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

আলমডাঙ্গায় একই ব্যক্তির

বিরুদ্ধে মারামারির ঘটনায় পৃথক দুটি থানায় অভিযোগ

পূর্ব শত্রুতার জের ধরে আলমডাঙ্গার বাবুপাড়ার কাউসুল কাউনাইনকে মারপিটের অভিযোগ উঠেছে। গতকাল বুধবার বিকাল ৬ টার দিকে বাবুপাড়ার বিটেম মাঠ প্রাঙ্গণে এ ঘটনা ঘটে।
এ ঘটনায় আফজাল হোসেনকে বাদী করে অজ্ঞাত ৬/৭ জনের বিরুদ্ধে আলমডাঙ্গা থানায় অভিযোগ দায়ের করেন।
জানা গেছে, আলমডাঙ্গা পৌর এলাকা বাবুপাড়ার ইফতেখারুলের ছেলে কাউসুল কাউনাইনের সাথে একই এলাকার কোর্টপাড়ার সিরাজুল ইসলাম তুফানের ছেলে আফজাল হোসেনের সাথে দীর্ঘদিন পূর্ব শত্রুতা চলে আসছিলো।
এর ঘটনায় গতকাল বুধবার বিকেল ৬ টার দিকে কাউসুল কাউনাইন আলমডাঙ্গার বিটিম মাঠ প্রাঙ্গণে গেলে তাদের লক্ষ করে আফজালসহ অজ্ঞাত কয়েকজন ব্যক্তি তাদের উপরে ইট নিক্ষেপ করে। এ ঘটনায় কাউসুল কাউনাইন ও তার খালাতো ভাই আবির মাহবুব গুরুত্বর আহত হয়। তারা স্থানীয় হাসপাতালে চিকিৎসা গ্রহণ করে।
এদিকে, গত সোমবার সন্ধ্যা ৭ টার দিকে আফজাল হোসেন একই এলাকার সুমনকে ধারালো অস্ত্র নিয়ে ধাওয়া করে। সুমন তার জীবন রক্ষার্থে দৌড়ে পালিয়ে যায়। আফজালের এ অপরাধ প্রবণতার কারণে সুমন ও কাউসুল কাউনাইন বাদী হয়ে আলমডাঙ্গা থানায় লিখিত অভিযোগ করে।

আলমডাঙ্গায় রাস্তা নির্মাণ কাজের উদ্বোধন

চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য জেলা আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দার ছেলুন বলেছেন, আমরা উন্নয়নে বিশ্বাস করি, দেশেন উন্নয়নে কাজ করে যাচ্ছি।
আওয়ামী লীগ ক্ষমতায় আসলে উন্নয়ন হয়। উন্নয়ন করতে হলে ইচ্ছা থাকা প্রয়োজন যা আমরা কাজ করে দেখিয়েছি। এলজিইডির রুরাল কমিউনিটি

ইমপ্লিমেন্ট প্রজেক্টের অধিনে আজ হাউসপুর থেকে বেলগাছি, খাসকররা হয়ে সরোজ গঞ্জ জিসি পর্যন্ত ১৯ কোটি ৫৮ লক্ষ ৫০ হাহার টাকা ব্যয়ে ১৮ কিঃ মিঃ রাস্তা নির্মাণ কাজের উদ্বোধন করা হল। পর্যায় ক্রমে আলমডাঙ্গার প্রত্যেক ইউনিয়নেটর রস্তা নির্মাণ করা হবে। আমরা চুয়াডাঙ্গা আলমডাঙ্গায় যে উন্নয়ন করেছি তা কোন সরকারের আমলে করতে পারেনি।
তিনি বলেন, আমরা স্বাধীনতার ৫০ বছর পূর্তি পালন করতে যাচ্ছি। জাতীর পিতা বঙ্গবন্ধু স্বপ্ন দেখতেন সুখী সমৃদ্ধ শীল, ক্ষুধামুক্ত, দারিদ্রমুক্ত একটি সোনার বাংলার। কিন্ত উনি বাস্তবে রুপ দিয়ে যেতে পারেন নি। তার কন্যা জননেন্ত্রী শেখ হাসিনা করে দেখিয়েছেন।
আলমডাঙ্গা ডাউকি ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি নুরুল ইসলাম দিপুর সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার মোঃ লিটন আলি, উপজেলা প্রকৌশলী আব্দুর রশিদ, জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি খুস্তার জামিল, চুয়াডাঙ্গা সাবেক মেয়র ও জেলা আওয়ামী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক রিয়াজুল ইসলাম জোয়াদ্দার টোটন, সাংগঠনিক সম্পাদক মাসুজ্জামান লিটু বিশ্বাস, মুন্সী আলমঙ্গীর হান্নান, ওসি আলমগীর কবির, আলমডাঙ্গা উপজেলা আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক ইয়াকুল আলি মাস্টার, পৌর আওয়ামী লীগের সভাপতি দেলোয়ার হোসেন, চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের সভাপতি মোহাইমেন হাসান জোয়াদ্দার অনিক, আলমডাঙ্গা উপজেলা ছাত্রলীগের সভাপতি ও উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান সালমুন আহমেদ ডন, মহিলা ভাইস চেয়ারম্যান কাজি মারজাহান নিতু, উপজেলা আওয়ামী লীগের সাংগাঠনিক সম্পাদক আতিয়ার রহমান, ক্রীড়া সম্পাদক মহিদুল ইসলাম মহিদ, প্রেস ক্লাবের সভাপতি খন্দকার শাহ আলম মন্টু, সম্পাদক হামিদুল ইসলাম আজম, খাদেমপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি হাফিজুর রহমান বাবলু, সাধারণ সম্পাদক মোজাহেদুর রহমান জোয়াদ্দার লোটাস, পৌর ছাত্রলীগের সভাপতি নয়ন সরকার, সরকারী কলেজ ছাত্রলীগের সভাপতি আশরাফুল হকসহ ডাউকি ইউনিন আওয়ামী লীগের সম্পাদক ইউপি চেয়ারম্যান তরিকুল ইসলামসহ সকল নেতৃবৃন্দ।

আলমডাঙ্গায় কঠোর নিরাপত্তায় বিআরডিবির নির্বাচন, ৩৪ ভোটে রবিউল ইসলামের জয়

আলমডাঙ্গায় কঠোর পুলিশি নিরাপত্তার মধ্য দিয়ে অনুষ্ঠিত হয়েছে বিআরডিবি সমিতির ত্রি-বার্ষিক নির্বাচন। নির্বাচনে মো: রবিউল ইসলাম বিজয়ী হয়েছেন।
এবারের নির্বাচনে মোট ৩জন প্রার্থী প্রতিদ্বন্দিতা করেন। প্রার্থীরা হলেন মোঃ রবিউল ইসলাম আনারস প্রতীক, মোঃ বিপ্লব হোসেন মাস্টার চেয়ার প্রতীক ও খন্দকার বজলুল করিম আম প্রতীক। গতকাল মঙ্গলবার সকাল ১০ থেকে এ নির্বাচনে ভোট গ্রহণ শুরু হয়। দুপুর ২ টার মধ্যে সমিতির ৭৭ জন ভোটার ভোট প্রয়োগ করেন।
এ নির্বাচনে মোঃ রবিউল ইসলাম আনারস প্রতীক নিয়ে ৩৪ ভোট পেয়ে বিআরডিবির সভাপতি নির্বাচিত হয়েছেন। তার নিকটতম প্রতিদ্বন্দি¦ মো: বিপ্লব হোসেন মাস্টার চেয়ার প্রতীক নিয়ে পেয়েছেন ২৪ ভোট। এ ছাড়াও খন্দকার বজলুল করিম আম প্রতীক নিয়ে পেয়েছেন ১৯ ভোট। এদিকে বিনা প্রতিদ্বন্দিতায় সহ-সভাপতি নির্বাচিত হয়েছেন নাসির উদ্দিন, সদস্য মোছাঃ রোকেয়া খাতুন, কাজী আব্দুল মোমেন। বিজয়ী প্রার্থী রবিউল ইসলাম তার প্রতিক্রীয়ায় বলেন, যারা আমাকে বিজয়ী করেছেন তাদের অসংখ্য ধন্যবাদ। সেই সাথে পুলিশ বাহিনীর সদস্য ও সাংবাদিকদের অসংখ্য ধন্যবাদ জানায়।
উল্লেখ্য ইতোপূর্বে রবিউল ইসলাম ১৯৯৫ থেকে ১৯৯৯ সাল পর্যন্ত আলমডাঙ্গা বিআরডিবির সভাপতি হিসাবে দায়িত্ব পালন করেন।

আলমডাঙ্গায় পানি সরবরাহের পাইপ লাইন স্থাপন

চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দার ছেলুন এমপি বলেন, ইচ্ছা থাকলে দেশের

উন্নয়ন করা সম্ভব, এই প্রকল্পের পিডি যে মন্তব্য করেছেন, আমি তাকে ধন্যবাদ জানাই, মঞ্চে এসে দুচারটে কথা যারা বলে যান, তাতে দেশের উন্নয়ন হয় না।
উন্নয়ন করতে হলে ইচ্ছা থাকা প্রয়োজন। যা আমরা কাজ করে দেখিয়েছি। মাত্র ১২ বছর ক্ষমতায় এসে জননেন্ত্রী হাসিনা বাংলাদের জীবন মান অনেক উন্নত করেছেন। আমরা চুয়াডাঙ্গা আলমডাঙ্গায় যে উন্নয়ন করেছি তা কোন সরকারের আমলে কোরতে পারেনি।
পৌর সভায় ১০ কোটি টাকার সুপেয় পানী সরবরাহ ও ড্রেন নির্মাণ কাজের উদ্বোধন করা হল এবং পৌর যে সামান্য কাজ বাকি থাকলো তা অতি সত্তর করা হবে। আশা করি আগামী কয়েক বছরে আলমডাঙ্গার প্রত্যেক ইউনিয়নের গ্রামকে শহরে রুপান্তরিত করা হবে।

আমরা স্বাধীনতার ৫০ বছর পালন করতে যাচ্ছি। জাতীর পিতা বঙ্গবন্ধু স্বপ্ন দেখতেন সুখি সমৃদ্ধ শীল, ক্ষুধামুক্ত, দারীদ্রমুক্ত একটি সোনার বাংলার, কিন্ত উনি তা বাস্তবে দেখে যেতে পারেন নি। উনার কন্যা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধান মন্ত্রী শেখ হাসিনা তা বাস্তবে রুপ দিচ্ছে।
বাংলাদেশ আজ বিশ্বের রোল মডেল, অনেক দেশ আজ বাংলাদের মত হোতে চায়। এমনকি পাকিস্তানের প্রধান মন্ত্রী ইমরান খান নিজে বলেছেন, ইউরোপ বা আমেরিকার মত নয়, আমরা বাংলাদেশের মত হতে চাই। গতকাল মঙ্গলবার বেলা ১২ টার দিকে পৌর সভার চাতাল মোড়ে এমপি ছেলুন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই কাজের উদ্বোধন করেন। বাংলাদেশের ২৩ টি পৌরসভায় পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্প (এঙই-ওউই) এর আওতায় আলমডাঙ্গা পৌরসভায় পানি সরবরাহের ৩৬.৪৫ কি.মি পাইপ লাইন স্থাপন ও ৫.২৭ কি.মি. ড্রেন নির্মাণ এর উদ্বোধন করে চুয়াডাঙ্গা-১ আসনের এমপি সোলাইমান হক জোয়াদ্দার ছেলুন। অনুষ্ঠানে আলমডাঙ্গা উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও ৪ বারের পৌর মেয়র হাসান কাদির গনুর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুযাডাঙ্গা-১ আসনের এমপি সোলায়মান হক জোয়াদ্দার ছেলুন। গতকাল মঙ্গলবার বেলা ১২ টার দিকে এরশাদপুর চাতাল মোড়ে আনুষ্ঠানিক ভাবে ড্রেন ও পাইন লাইন এর কাজের উদ্বোধন করেন। পরে, পৌর এলাকার চাতাল মোড়ে ড্রেন ও আনন্দধামে পানির পাইপ লাইনের কাজের ফলক উন্মোচন করে।
পৌর মেয়র হাসান কাদির গনু বলেন, আমি প্রধান মন্ত্রী জননেন্ত্রী শেখ হাসিনার কাছে কৃতজ্ঞ। চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের শেষ ঠিকানা আমার প্রান প্রিয় নেতা ছেলুন ভাইয়ের কাছে চির কৃতজ্ঞ, কৃতজ্ঞ আলমডাঙ্গা পৌর বাসির কাছে। যারা বার বার আমাকে নির্বাচিত

করেছেন।
আপনাদের ঋণ আমি কোন দিন ভুলব না। নির্বাচনের আগে ৩৩ টি রাস্তার কাজ শুরু করেছিলাম। ইতোমধ্যে অনেক কাজ সম্পন্ন হয়েছে। এই কাজও করোনার কারণে শুরু করতে দেরী হয়ে গেল। তারপরও উদ্বোধন করা হল। আশা করি পৌর বাসিকে নাগরিক সুবিধা দিতে পরব।
অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশের ২৩ টি পৌরসভায় পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্প পরিচালক ওয়াজেদ আলি, চুয়াডাঙ্গা জনসাস্থ্য অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী খন্দকার এরশাদুজ্জামান মৃদুল, আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার লিটন আলি, জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি খুস্তার জামিল, চুয়াডাঙ্গা সাবেক মেয়র ও জেলা আওয়ামী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক রিয়াজুল ইসলাম জোয়াদ্দার টোটন, সাংগঠনিক সম্পাদক মাসুজ্জামান লিটু বিশ্বাস, মুন্সী আলমঙ্গীর হান্নান, আলমডাঙ্গা উপজেলা আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক ইয়াকুল আলি মাস্টার, রবিউল হক, পৌর আওয়ামী লীগের সভাপতি দেলোয়ার হোসেন, চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের সভাপতি মোহামাইন জোয়াদ্দার অনিক, আলমডাঙ্গা উপজেলা ছাত্রলীগের সভাপতি ও উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান সালমুন আহমেদ ডন, মহিলা ভাইস চেয়ারম্যান কাজি মারজাহান নিতু, আলমডাঙ্গা বণিক সমিতির সভাপতি আরেফিন মিয়া মিলন, খাদেমপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি হাফিজুর রহমান বাবলু, সাধারণ সম্পাদক মোজাহেদুর রহমান লোটাস জোয়াদ্দার প্রমুখ।

উৎকন্ঠার মধ্য দিয়ে আজ অনুষ্ঠিত হচ্ছে আলমডাঙ্গার বিআরডিবির নির্বাচন

উৎকন্ঠার মধ্য দিয়ে আজ মঙ্গলবার অনুষ্ঠিত হচ্ছে আলমডাঙ্গা বিআরডিবি’র ত্রি-বার্ষিক নির্বাচন। নির্বাচনকে ঘিরে বিরাজ করছে টান টান উত্তেজনা।
এবারের নির্বাচনে সভাপতি পদে প্রতিদ্বন্দিতা করছেন ৩ জন প্রার্থী। প্রার্থীরা হলেন খন্দকার বজলুল করিম আম প্রতীক নিয়ে,

মোঃ বিপ্লব হোসেন মাস্টার চেয়ার প্রতীক নিয়ে ও রবিউল ইসলাম আনারস প্রতীক নিয়ে প্রতিদ্বন্দিতা করছেন।
নির্বাচনে মোট ভোটার সংখ্যা ৭৭ জন। সকাল ১০ টা থেকে বিকাল ৪ টা পর্যন্ত একটনা ভোট গ্রহণ করা হবে। তবে নির্বাচনকে ঘিরে প্রার্থীদের মধ্যে উত্তেজনা বিরাজ করছে। কোন কোন প্রার্থীর আশংকা নির্বাচনে সংঘাতের সম্ভাবনা রয়েছে।
বিআরডিবির সাবেক সভাপতি বর্তমান প্রার্থী খন্দকার বজলুল করিম জানান, ঠিক নির্বাচন হলে তিনি বিজয়ী হবেন। তিনি অভিযোগ করে জানান, তার বিজয় নিশ্চিত জেনে কেউ কেউ অনিয়ম ও ফলাফলে প্রভাব বিস্তারের চেস্টা করছে।
তিনি নিরাপত্তা জোরদারের জন্য আইন শৃঙ্খলা বাহিনীর কাছে আবেদন জানিয়েছেন।

ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা জানিয়েছে আলমডাঙ্গা প্রেস ক্লাব

একুশের প্রথম প্রহরে ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা জানিয়েছে আলমডাঙ্গা প্রেস ক্লাব। শ্রদ্ধাঞ্জলি নিবেদনের সময় উপস্থিত ছিলেন দৈনিক পশ্চিমাঞ্চলের প্রশান্ত বিশ্বাস, দৈনিক মেহেরপুর প্রতিদিনের ব্যুরো প্রধান তানভির সোহেল, দৈনিক পশ্চিমাঞ্চলের সহকারী ব্যুরো গোলাম সরোয়ার সদু, দৈনিক মাথাভাঙ্গা বেলগাছি প্রতিনিধি আতিক বিশ্বাস, দৈনিক চলবিলের আলমডাঙ্গা প্রতিনিধি রানা আহমেদ, সালাউদ্দিন মুক্তার, প্রেস ক্লাবের অন্যন্য সদস্যরা উপস্থিত ছিলেন।

এর আগে বাংলা ভাষার জন্য প্রাণ উৎসর্গকারী শহীদদের স্মরণে রাত পৌনে ১২টায় বের হওয়া শোক র্যালীতে অংশগ্রহণ করেন তারা। র্যালীটি বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে শহীদ মিনারে গিয়ে শেষ হয়।

এরপর একে একে প্রশাসন, শিক্ষক সমিতি, কর্মকর্তা সমিতি, বিভিন্ন ছাত্র সংগঠন, স্বেচ্ছাসেবী ও সামাজিক সংগঠন, শহীদ মিনারের

শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন। শ্রদ্ধাঞ্জলি নিবেদন শেষে ভাষা শহীদদের প্রতি সম্মান জানিয়ে এক মিনিট নিরবতা পালন করে তাদের রূহের মাগফিরাত কামনা করে দোয়া-মোনাজাত করা হয়।